দৈনিক বাংলা

তারিখ ... 12 JUL 1994
পৃষ্ঠা ৫ 12 JUL 1994 কলাম ৬

65

জনমত

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক কর্মচারী নিয়োগ

গত ১ জুলাই '৯৪ইং তারিখের দৈনিক বাংলার জনমত কলামে পরিমল কুমার চক্রবর্তী, কাউনিয়া, রংপুর-এর "শুধু লিখিত পরীক্ষার মাধ্যমে চাকরি চাই" শিরোনামে লেখা চিঠিটি আমার দৃষ্টিগোচর হয়েছে। আমি তাঁর বক্তব্যের সাথে সম্পূর্ণ একমত। বর্তমানে অত্যন্ত পরিতাপের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে যে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান তথা স্কুল, কলেজ ও মাদ্রাসা সমূহে পরিচালনা কমিটির সন্তুষ্টি ও পরিচালনা কমিটির সভাপতি/থানা নির্বাহী কর্মকর্তার সিদ্ধান্তের প্রেক্ষিতে লোক নিয়োগ করা হচ্ছে। এতে প্রকৃত মেধা ও যোগ্যতা যাচাই হয় না বিধায় প্রতিনিয়ত মেধাবী ছাত্ররা চাকরি প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছে। তাই বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শক্তিশালী নিয়োগ কমিটি গঠন করে কেবল লিখিত পরীক্ষা ও শারীরিক যোগ্যতা সাপেক্ষে লোক নিয়োগের ব্যবস্থা গ্রহণের মাধ্যমে বেকার অথচ প্রকৃত মেধাবী ও উপযুক্ত লোকদের কর্মসংস্থানের ব্যবস্থা করা বাঞ্ছনীয় মনে করি। এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আবেদন জানাচ্ছি।

মহিউদ্দীন ফয়েজী,
সচিব
রামগঞ্জ পৌরসভা,
লক্ষ্মীপুর।